উপজেলা পরিষদ কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।
www.chakaria.coxsbazar. gov.bd

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৩- ৫৮৬ | তাং : ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয় : উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চকরিয়া উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের 'মাসিক সভা' আগামী ০৮/০৬/২০২৩খ্রিঃ (রোজঃ বৃহস্পতিবার) সকাল: ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা'য় অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২. গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।
০৩. বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
০৪. বিবিধ।

(জেপি দেওয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০

প্রাপক ঃ ..........................................................................
..........................................................................
..........................................................................

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০১.০২.০১৭.২৩- ৫৮৬ | তাং : ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪, কক্সবাজার-০১ (চকরিয়া-পেকুয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার জেলা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া।
০৮। সংরক্ষণ নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।

উপজেলা পরিষদ

চকরিয়া, কক্সবাজার।

# জুন/২০২৩ মাসের পঞ্চম চকরিয়া উপজেলা পরিষদের ৫০(পঞ্চাশ)তম উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব ফজলুল করিম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন 'মোহনা' চকরিয়া। |
| সভার তারিখ ও সময় | : | ০৮/০৬/২০২৩খ্রি: সকাল : ১১.৩০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও তার উপর বিশদভাবে আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর বিভাগ ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা কৃষি অফিস ঃ**<br>**উপজেলা কৃষি অফিসার, চকরিয়া, সভাকে জানান,** সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় চকরিয়া উপজেলায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের নির্ধারণকৃত ১২০০ বর্গফুট জায়গায় ২৩টি বিভিন্ন প্রজাতির মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ রয়েছে। উক্ত গাছ সমূহ বিধি মোতাবেক কর্তন করার বিষয়ে সভাকে অবহিত করেন। | ক) চকরিয়া উপজেলায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের নির্ধারণকৃত ১২০০ বর্গফুট জায়গায় ২৩টি বিভিন্ন প্রজাতির মরা, ঝড়ে উপড়ে পড়া ও বিনষ্টযোগ্য গাছ কর্তনের জন্য কর্তনযোগ্য গাছের পরিমাণ ও সরকারি নিয়মে কাঠের মূল্য নির্ধারণের জন্য এসিএফ, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কর্তনযোগ্য গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় পূর্বক উপজেলা রাজস্ব তহবিলে জমা করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)<br>i. উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার।<br>ii. এসিএফ, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ।<br>খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া, কক্সবাজার। |
| ০২. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া সভাকে জানান যে, বিগত ১৪২৭, ১৪২৮ ও ১৪২৯ সন পর্যন্ত ০৩(তিন) বছরের হাট বাজার ইজারা লব্দ অর্থ হতে নীতিমালার আলোকে রাজস্ব তহবিলে ৪১% হিসেবে ১,৫৩,১০,০৯০/- টাকা ও ১৪৩০ বাংলা সনে হাট বাজার ইজারা লব্দ অর্থ হতে নীতিমালার আলোকে রাজস্ব তহবিলে ৪১% হিসেবে ৬৮,২৬,৯৪৪/- টাকা সর্বমোট ২,২১,৩৭,০৩৪/- টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা করা হয়েছে। পরবর্তীতে নীতিমালা অনুযায়ী উক্ত টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হবে। উপজেলা প্রকৌশলী, চকরিয়াকে উপজেলা উন্নয়ন তহবিল নির্দেশিকা অনুযায়ী ইউনিয়ন সমূহে বিভাজন পূর্বক ইউপি চেয়ারম্যানগণ হতে (ইজারাকৃত হাট বাজারকে অগ্রাধিকার দিয়ে) প্রকল্প প্রেরণ করার জন্য চিঠি প্রেরণ করতে অনুরোধ করেন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া সভাকে জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী কোয়াটার/ডরমেটরি সমূহ অত্যন্ত জরাজির্ণ ও পরিত্যাক্ত অবস্থায় বসবাসের অযোগ্য হয়ে পড়েছে। যে কোন সময় উক্ত ভবন সমূহ ভেঙ্গে পড়ে মারাত্মক দূর্ঘটনার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় উপজেলা প্রকৌশলী, চকরিয়া উক্ত জরাজির্ণ উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, কোয়াটার/ডরমেটরি সমূহ ভেঙ্গে ফেলার জন্য প্রাক্কলন প্রস্তুত ও নতুন উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, কোয়াটার/ডরমেটরি নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যানগণ (ইজারাকৃত হাট বাজারকে অগ্রাধিকার দিয়ে) উপজেলা উন্নয়ন তহবিলের প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, উপজেলা পরিষদের জরাজির্ণ কর্মকর্তা-কর্মচারী কোয়াটার/ডরমেটরি সমূহ ভেঙ্গে ফেলার জন্য প্রাক্কলন প্রস্তুত ও নতুন উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, কোয়াটার/ডরমেটরি নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চকরিয়া। |
| ০৩. | **ত্রাণ বিভাগ ঃ**<br>**১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান,** চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৭২টি এবং ২য় পর্যায়ে ৭২টি সর্বমোট ১৪৪টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। তৎমধ্যে ১৪০টি প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং ২য় পর্যায়ের ২টি প্রকল্পের কাজ এখনো অসমাপ্ত রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প সভাপতিগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১। অসমাপ্ত প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | ২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অধীনে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ৮৪টি এবং ২য় পর্যায়ে ৫২টি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। সকল প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন হয়েছে।<br><br>৩। ২০২২-২০২৩ অর্থ বছরে সম্প্রতি ৩টি বক্স সেতু অনুমোদন পাওয়া যায়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ইজিপি'র মাধ্যমে দরপত্র কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।<br><br>৪। কিছু ইউনিয়ন নির্ধারিত সময়ে কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করতে না পারার কারণে নির্ধারিত ০১/০৪/২০২৩খ্রি: তারিখের পরিবর্তে ০২/০৪/২০২৩খ্রি: তারিখে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ২য় পর্যায়ের কাজ শুরু করা হয়। উপকারভোগীদের প্রতি মানবিক বিবেচনা করে পরবর্তী অফ-ডে বৃহস্পতিবার কাজ করায়ে নিয়ে ০১/০৪/২০২৩খ্রি: তারিখে হাজিরা দেখায়ে পে-রোল করা হয়। এ প্রক্রিয়াটি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়। উপকারভোগীদের প্রতি মানবিক বিবেচনা করে বৃহস্পতিবারের হাজিরা ০১/০৪/২০২৩খ্রি: তারিখে দেখানোর প্রক্রিয়াটি আজকের সভায় ভুতাপেক্ষ অনুমোদন করার জন্য অনুরোধ জানানো হয়। অনুমোদনের পর উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে।<br><br>৫। ৪টি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। দরপত্র বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। | ২। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের কাজ সম্পন্ন করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়।<br><br>৩। যথাসময়ে কাজ শুরু করা এবং অনুমোদিত প্রাক্কলন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজ বাস্তবায়নের ব্যাপারে সচেষ্ট থাকতে হবে।<br><br>৪। উপকারভোগীদের প্রতি মানবিক বিবেচনা করে বৃহস্পতিবারের হাজিরা ০১/০৪/২০২৩খ্রি: তারিখে দেখানোর প্রক্রিয়াটি আজকের সভায় সর্বসম্মতিক্রমে ভুতাপেক্ষ অনুমোদন প্রদান করা হলো। মজুরী পরিশোধ যেন বিঘ্ন সৃষ্টি না হয়, তাই বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।<br><br>৫। যথাসময়ে সুষ্ঠুভাবে কাজ সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ০৪. | **<u>উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ ঃ</u>**<br>**উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া জানান,** চকরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত মে মাসে জরুরী বিভাগে মোট সেবাগ্রহীতার সংখ্যা ৫৩০৮ জন, আন্তঃবিভাগে মোট নতুন ভর্তি রোগীর সংখ্যা ১৯৮৮ জন। প্রতিদিন হিসেবে ভর্তি রোগী মোট ২৭২৭ জন (গড়ে প্রতিদিন ৯০ জন)। মোট নরমাল ডেলিভারির সংখ্যা ১৩৭ জন এবং সিজারিয়ান অপারেশন এর সংখ্যা ১২ জন। গতমাসে রক্ত পরিসঞ্চালনের সংখ্যা ৪৮ জন। বহির্বিভাগে প্রতিদিন গড়ে ১০০০ জন সেবা গ্রহণ করেন। সেবাগ্রহীতার সংখ্যা দিনদিন বৃদ্ধি পাচ্ছে এবং হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। ডিজিটাল এক্স-রে সেবা চালুর উদ্যোগ নেয়া হয়েছে এবং অচিরেই চালু হবে আশা করা যাচ্ছে। বিদ্যুতের নাজুক পরিস্থিতির কারণে হাসপাতালে অসুস্থ বাচ্চা ও বয়স্ক রোগীদের কষ্ট হচ্ছে। হাসপাতালে যথাসম্ভব নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিৎ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আন্তঃবিভাগ ও বহির্বিভাগের সকল সেবা কার্যক্রম আন্তরিকতার সাথে মানসম্পন্ন সেবা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। দালাল প্রতিরোধে তথ্য প্রমাণ সহ জানানো হলে অভিযান পরিচালনা করা হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ০৫. | **<u>উপজেলা সমাজসেবা অধিদপ্তর ঃ</u>**<br>**উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, উপজেলা সমাজসেবার অধীন সকল ভাতার ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের সকল ভাতার ৪র্থ কিস্তির পে-রোল সম্পন্ন করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে যেসকল প্রতিবন্ধী এখনও জরিপের বাইরে রয়েছে, সেইসকল প্রতিবন্ধীকে জরিপের কাজ চলমান রয়েছে। | ১। জুন/২৩ মাসের মধ্যে লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। জুন/২৩ মাসের মধ্যে প্রতিবন্ধী জরিপ শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চকরিয়া। |
| ০৬. | **<u>খাদ্য বিভাগ ঃ</u>**<br>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া** জানান, ভিডব্লিউবি খাতে জানুয়ারি/২৩, ফেব্রুয়ারি/২৩, মার্চ/২৩, এপ্রিল/২৩, মে/২৩ ও জুন/২৩ পর্যন্ত চলমান রয়েছে। খোলা বাজারে চাল বিক্রয়ের কার্যক্রম এপ্রিল/২৩ মাস পর্যন্ত চালু ছিল। কাবিখা খাতে খাদ্যশস্য উত্তোলনের কাজ চলমান আছে এবং খাদ্য বান্ধব ভোক্তাদের তালিকার কাজ আপলোড কার্যক্রম চলমান রয়েছে এবং জেলেদের মৎস্য ভিজিএফ খাতে চাল সম্পূর্ণ উত্তোলন করা হয়েছে। জি.আর চাল উত্তোলনের কাজ চলমান রয়েছে। বর্তমানে চিরিংগা খাদ্য গুদামের চাল গমের মজুদের পরিমান চাল (আতপ) ৮৭৯.৮২ মে:টন, চাল (সিদ্ধ) নাই, গম ২৫৫.৪৪৩ মে:টন। | খাদ্যসামগ্রী মজুদ সংক্রান্ত সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং ধান ও চাল ক্রয়ে মন্ত্রণালয়ের নীতি অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ০৭. | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>**উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া জানান,** সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ সামাজিক মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর আওতায় ২৮/০৫/২০২৩খ্রি: তারিখ ১১২ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সুফলভোগীদের মাঝে হাঁসের ঘর বিতরণ করা হয়েছে।<br><br>তিনি আরো জানান, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে চকরিয়ায় খামারীদের ৩৮ হাজারের অধিক বিভিন্ন প্রজাতির কোরবানির পশু প্রস্তুত রয়েছে এবং কোরবানির পশুর হাটে ভেটেরিনারি মেডিকেল টিম কাজ করবে।<br><br>প্রাণি সম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় "School Milk Program" এর জন্য লক্ষ্যারচর "মন্ডলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়" প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত হয়েছে এবং প্রকল্পের নির্দেশনা মোতাবেক শীঘ্রই সংশ্লিষ্ট সকলকে নিয়ে উক্ত কর্মসূচি শুরু হবে।<br><br>নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদনের লক্ষ্যে উপজেলা প্রশাসনের সহযোগিতায় "মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন-২০১০"এর আওতায় ০৭/০৬/২০২৩খ্রি: তারিখে ২টি দোকানে মোবাইল কোর্ট পরিচালনা করে প্রতিটি দোকানকে ৫০০০/- টাকা করে মোট ১০,০০০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয়। | চকরিয়া উপজেলার সকল কোরবানির পশুর হাট সমূহে ভেটেরিনারি মেডিকেল টিম নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চকরিয়া। |
| ০৮. | **উপজেলা শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা শিক্ষা কর্মকর্তা, চকরিয়া জানান,** সপ্রাবি নির্মাণ কার্যক্রম সুসমন্বিত এবং মানসম্মতকরণে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ গঠন, সভা আহ্বান ও জেলা কমিটির নিকট প্রতিবেদন প্রেরণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা রয়েছে। কমিটির রূপরেখা ও কার্যপরিধি উপস্থাপন করা হয়। ইতোমধ্যে বিদ্যালয় পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। কমিটির রূপরেখা অনুযায়ী উপজেলা পর্যায়ের কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা কমিটির প্রথম সভা আহ্বানের জন্য উপজেলা নির্বাহী অফিসার (কমিটির সভাপতি) মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>উত্তর বরইতলী সপ্রাবি এর প্রধান ফটক এর সামনে (সংলগ্ন) জায়গা দখল করে মাছ বাজার স্থাপন করা হচ্ছে মর্মে অবহিত করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতি মহোদয় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবরে আবেদন করেন।<br><br>তীব্র তাপদাহের কারণে ০৫ জুন থেকে ০৮ জুন ২০২৩ পর্যন্ত বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। প্রশাসনিক কার্যক্রম চালু রয়েছে। বঙ্গবন্ধু গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২৩ সরকারি নির্দেশনায় স্থগিত রয়েছে। পরবর্তী নির্দেশনার আলোকে টুর্নামেন্টের কার্যক্রম সম্পন্ন করা হবে। দূর্গম বিদ্যালয়ে পাঠদানের ক্ষেত্রে Zoom এর মাধ্যমে অন্য বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম প্রদর্শন করার ব্যবস্থা গৃহীত হয়েছে এবং ধারাবাহিকভাবে চলমান থাকবে। | ১। জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ কমিটির সভাপতি মহোদয়ের সাথে আলোচনা করে সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উত্তর বরইতলী সপ্রাবি এর প্রধান ফটকের সামনে জায়গা দখল করে মাছ বাজার স্থাপনের বিষয়ে উচ্ছেদ অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ০৯. | **মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**<br>**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | সভার পূর্বে কার্যপত্র দাখিল নিশ্চিত করতে হবে এবং আগামী সভায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চকরিয়া। |
| ১০. | **উপজেলা সমবায় অফিস ঃ**<br>**উপজেলা সমবায় অফিসার, চকরিয়া জানান,** এ উপজেলায় নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ৩০৫টি। ২০২২-২০২৩ অর্থ বছরে সিডিএফ আদায় ২,৫৩,৮৮০/- টাকা, অডিট ফি আদায় ৯২,৯৮০/- টাকা, অডিট ফি ও সিডিএফ আদায় ১০০%। আশ্রয়ণ ফেইজ-২ বর্তমান মাসে ঋণ আদায় ১১,৫২০/- টাকা, আশ্রয়ণ-২ ঋণ আদায় ৫,২০০/- টাকা। মুজিব শতবর্ষে নির্মিত আশ্রয়ণ সমিতি নিবন্ধন হয়েছে ৩টি। নিবন্ধন প্রক্রিয়াধীন ২টি সমিতি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সন্তোষজনক ও স্বাভাবিকভাবে চলমান আছে। | সিডিএফ আদায়, অডিট ফি আদায় ও আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় সহ যাবতীয় কার্যক্রম সমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>**উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চকরিয়া জানান,** তাঁর বিভাগের সাধারণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। বিগত মাসে অত্র উপজেলায় সক্ষম দপ্ততির সংখ্যা ৮৭৭০৯ জন। তৎমধ্যে জন্ম নিয়ন্ত্রণের খাবার বড়ি গ্রহীতার সংখ্যা ৩৩৭৩৬ জন, কনডম গ্রহীতা ৫৩৮১ জন, ইনজেকশন গ্রহীতা ২১১১২ জন, ১০ বছর মেয়াদী IUD গ্রহীতা ২১৫৩ জন, ০৫ বছর মেয়াদী ইমপ্লান্ট পদ্ধতি গ্রহীতা ৫০২৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহীতা ৫৬৯২ দম্পতি। গতমাসে অত্র উপজেলার ১৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়েছে ২১৪ জনকে। বিগত মাসে এই উপজেলায় গর্ভবতী মায়ের সংখ্যা ছিল ২৫২৩ জন। গর্ভকালীন সেবা দেয়া হয়েছে ২২০৪ জন। অত্র উপজেলায় গত মাসে বন্ধ্যা দম্পতির সংখ্যা ১৩২ জন। সাধারণ রোগী সেবা দেয়া হয়েছে ৬৪২৪ জনকে। বিগত মাসে ০২টি বিশেষ ক্যাম্পে ১৭৪ দম্পতিকে ০৫ বছর মেয়াদী Implant সেবা দেয়া হয়েছে এবং ১৪ দম্পতিকে স্থায়ী পদ্ধতি সেবা দেয়া হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প: প: কর্মকর্তা, চকরিয়া। |
| ১২. | **মহিলা বিষয়ক বিভাগ ঃ**<br>**উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া জানান,** তার দপ্তরে চলতি মাসে দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান ও উপকারভোগী বাছাই, কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল ভাতা বিতরণ কর্মসূচি, মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ তহবিল কর্মসূচি চলমান আছে। | ভিজিডি কর্মসূচি, ক্ষুদ্র ঋণ কর্মসূচি, মাতৃত্বকালীন ভাতার কর্মসূচি, বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সহ দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বলা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চকরিয়া। |
| ১৩. | **মৎস্য বিভাগ ঃ**<br>**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া** সভাকে জানান, ২০ মে হতে ২৩ জুলাই ২০২৩খ্রি: পর্যন্ত মোট ৬৫ দিন সাগরে মাছ ধরা বন্ধের কার্যক্রম চলমান রয়েছে। মে মাসে কার্যক্রম পরিচালনাকালে আইন ভঙ্গকারী একজন বোট মালিক ও একজন জেলেকে ৪২০০০.০০ (বিয়াল্লিশ হাজার) টাকা জরিমানা করা হয়েছে। অত্র উপজেলা ১৭টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ৫৭৫৭ জন নিবন্ধিত জেলেকে পরিবার প্রতি ৫৬ কেজি হারে ১ম কিস্তিতে ৩২৭.৯৯২ মে:টন চাল বিতরণ করা হয়েছে এবং দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১। ২০ মে হতে ২৩ জুলাই ২০২৩ খ্রি: পর্যন্ত ৬৫(পঁয়ষট্টি) দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা মৎস্য আহরণ বন্ধ রাখতে হবে।<br>২। উপজেলা প্রশাসন ও মৎস্য অধিদপ্তর কর্তৃক নিয়মিত মৎস্য ও সমুদ্র সম্পদ রক্ষায় অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চকরিয়া। |
| ১৪. | **যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>**উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া জানান,** বর্তমান অর্থ বছরের ঋণ বিতরণ ৩৩,৭০,০০০/- টাকা, চলমান ঋণ আদায়ের হার ১০০%, ভ্রাম্যমান প্রশিক্ষণ কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং বিষয়ক প্রশিক্ষণ ৩/০৭/২০২৩খ্রি: তারিখে আরম্ভ হবে। অপ্রাতিষ্টানিক প্রশিক্ষণ ৭ ব্যাচে ২০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | ভ্রাম্যমান প্রশিক্ষণ কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং বিষয়ক প্রশিক্ষণ সফল ভাবে সম্পন্ন করতে জনপ্রতিনিধিগণ সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৫. | **পল্লী উন্নয়ন অফিস ঃ**<br>**উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান,** দারিদ্র বিমোচনের লক্ষ্যে কৃষকদের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষি আবর্তক ঋণের আওতায় আমাদের সমিতির ২টি দলকে ৯ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়। আমাদের আরেকটি প্রকল্প হলো দেশের অপ্রধান শস্যের উৎপাদন বাড়ানো। এই প্রকল্পের আওতায় ৪০ জন সদস্যকে ট্রেনিং প্রদান করা হয়েছে এবং পরবর্তীতে প্রায় ১৭ লক্ষ টাকা সদস্যদের মাঝে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। PRDP-3 প্রকল্পের আওতায় আমাদের বরইতলী ও বদরখালী ইউনিয়নে ২টি রাস্তার ইট সলিং এর কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং আরও ৩টি স্কীমের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম সহ সকল দাপ্তরিক কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চকরিয়া। |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>**সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চকরিয়া** জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য প্রয়োজনীয় সাইটলিস্ট পাওয়া গেছে। দ্রুত কাজ শুরু করা হবে। জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সরকার নির্ধারিত ফি্র বাইরে অতিরিক্ত ফি দেওয়ার ব্যাপারে সবাইকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন। চকরিয়া উপজেলার ১৪৪টি প্রাথমিক বিদ্যালয়ে Wash Block এবং TW এর সার্ভে কাজ হয়েছে। উক্ত সার্ভের ভিত্তিতে ৩৫টি স্কুলে নতুন Wash Block এবং ৩০টি বিদ্যালয়ে নতুন TW স্থাপন করা হবে। মুজিব বর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্প সমূহে নিয়মিত বরাদ্দ অনুশারে পানির উৎস স্থাপন কাজ চলমান। এব্যাপারে উপজেলা প্রসাশনের সাথে সমন্বয় করা হচ্ছে।<br>**তিনি আরো জানান,** পুরাতন অফিস ভবনটি কনডেমশনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস ও প্রাক্কলন সহ নির্বাহী অফিসারের কার্যালয়ের মাধ্যমে জেলা প্রসাশক মহোদয়ের অফিসে প্রেরণ করা হয়েছে। | ২০২২-২০২৩ অর্থ বছরের টিউবওয়েলের কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | **বন বিভাগ ঃ**<br>**রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** সভাকে জানান, চলতি ২০২২-২০২৩ আর্থিক সনে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সঠিকভাবে চলমান আছে। বিশেষ করে গত ০৮/০৫/২০২৩খ্রিঃ তারিখ পাগলির বিল এলাকায় অবৈধভাবে উত্তোলনকৃত বালু আদালতের নির্দেশ মোতাবেক উপজেলা প্রশাসন ও আইন শৃংখলা সদস্যদের সমন্বয়ে বালু গুলি প্রতিস্থাপন করা হয়। বর্তমানে বালু উত্তোলন ও অবৈধভাবে গাছ কর্তন ও পাঁচার রোধকল্পে আমাদের অভিযান অব্যাহত রয়েছে। ফাঁসিয়াখালী রেঞ্জের অধীন কিছু অবৈধভাবে স্থাপিত করাত কল আছে। এই সমস্ত অবৈধভাবে স্থাপিত করাত কল গুলোর বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করেন। | ছড়া থেকে বালি উত্তোলন, বনভূমির পাহাড় কর্তন, জবর দখল ও অবৈধ করাত কল উচ্ছেদসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |
| ১৮. | **বন বিভাগ ঃ**<br>**রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ** সভাকে জানান, ফুলছড়ি রেঞ্জের বিভিন্ন বিটের ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড সঠিকভাবে চলছে। সংরক্ষিত বনাঞ্চল হতে বালু উত্তোলন ও পাচার রোধকল্পে বিগত ৮/৫/২০২৩খ্রিঃ তারিখ সহকারী কমিশনার (ভূমি), চকরিয়া মহোদয়ের নেতৃত্বে বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুসরণে পাগলির বিল এলাকা হতে বালু প্রতিস্থাপন করা হয়। পুলিশ প্রশাসন সহ উক্ত অভিযানে সহযোগীতাকারী সকলকে উত্তর বন বিভাগের পক্ষথেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কাঠ পাঁচার রোধে ব্যাপক অভিযান অব্যাহত আছে। মে/২৩ এর অভিযানে P.O.R বন মামলা ৩টি এবং U.D.O.R বন মামলা ২টি দাখিল করা হয়। জব্দ করা হয় ডাম্পার গাড়ী ২টি, পাহাড়ী মাটি ১৩৫.০ ঘনফুট, আসামী ৫জনের বিরুদ্ধে বন মামলা করা হয়। জবর দখল উচ্ছেদ পূর্বক উচ্ছেদকৃত বনভূমিতে বনায়ন করা হয়েছে। জবর দখল উচ্ছেদ ২৫.০ একর বন ভূমি। চলতি অর্থ বছরের বনায়ন কর্মসূচী সুফল প্রকল্পের আওতায় ৪৫.০ হেক্টর, সবুজ বেষ্টনি প্রকল্পের আওতায় ৫৫.০ হেক্টর, পরিচালন ব্যয় বাজার সড়কের আওতায় ১০.০ হেক্টর। | ছড়া থেকে বালি উত্তোলন, বনভূমির পাহাড় কর্তন, জবর দখল ও অবৈধ করাত কল উচ্ছেদসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |
| ১৯. | **উপজেলা পরিসংখ্যান অধিদপ্তর ঃ**<br>**উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | সভার পূর্বে কার্যপত্র দাখিল নিশ্চিত করতে হবে এবং আগামী সভায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা, চকরিয়া। |
| ২০. | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ঃ**<br>**আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), চকরিয়া** সভাকে জানান, চাহিদার তুলনায় সরবরাহ কম হওয়াই লোডশেডিং চলমান। লোডশেডিং এর কারণে জনদূর্ভোগ হচ্ছে। এর জন্য বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড আন্তরিকভাবে দুঃখিত। চলতি মাস জুন মাস। বাৎসরিক হিসেবের জেরের এই মাসে বিভিন্ন সরকারী, বেসরকারী, মসজিদ, মন্দির ও পৌরসভায় আনুমানিক প্রায় ১,৭৩,৯৬,১০৭/- টাকা বকেয়া রয়েছে। যার ফলে সরকারী রাজস্ব আদায়ে বিঘ্ন ঘটছে। বিদ্যুতের বকেয়া বিল আদায়ে সহযোগিতা করলে বিক্রয় বিতরণ বিভাগ চকরিয়া, বিউবো, কক্সবাজার এর মাধ্যমে সরকারের বিপুল পরিমাণ অর্থ রাজস্ব আদায়ে আরও অগ্রগতি উপলব্ধি করা যেত। | চকরিয়া উপজেলাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের প্রধানগণ প্রচেষ্টা অব্যাহত রাখবেন। কোন দপ্তরের বিদ্যুৎ বিল খাতে পর্যাপ্ত বরাদ্দ না থাকলে স্ব স্ব দপ্তর প্রধানগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিদ্যুৎ বিল খাতে বরাদ্দ চেয়ে পত্র দিবেন এবং বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। | আবাসিক প্রকৌশলী, (বিদ্যুৎ), চকরিয়া। |
| ২১. | **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**<br>**ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, চকরিয়া জানান,** বর্তমানে দেশব্যাপী বিদ্যুতের সমস্যা চলছে। তা নিয়ে কক্সবাজার পল্লী বিদ্যুৎ কাজ করে যাচ্ছে। জাতীয় গ্রীড থেকে বরাদ্দ প্রাপ্ত বিদ্যুৎ সব ফিডারে সমানভাবে বন্টনে পল্লীবিদ্যুৎ অফিস নিরলস কাজ করে যাচ্ছে। আশা রাখছি খুব দ্রুতই বিদ্যুৎ সমস্যা কাটিয়ে উঠা যাবে। এছাড়া যেকোন গ্রাহক অভিযোগ নিরসনে আমরা তৎপর। | চকরিয়া উপজেলায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শতভাগ বিদ্যুতায়ন সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম,পবিস, জোনাল অফিস, চকরিয়া। |
| ২২. | **আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>**উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া** অনুপস্থিত থাকায় কার্যপত্র পাওয়া যায়নি। | সভার পূর্বে কার্যপত্র দাখিল নিশ্চিত করতে হবে এবং আগামী সভায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআখা ও পল্লী সঞ্চয় ব্যাংক, চকরিয়া। |
| ২৩. | **সড়ক ও জনপথ বিভাগ ঃ**<br>**উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া** হতে কার্যপত্র পাওয়া যায়নি। | সভার পূর্বে কার্যপত্র দাখিল নিশ্চিত করতে হবে এবং আগামী সভায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| ২৪. | <u>পানি উন্নয়ন বোর্ড ঃ</u><br>**এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া** এর প্রতিনিধি জানান, চকরিয়া উপজেলার খুটাখালী ইউনিয়নে ১টি ২ ভেন্ট রেগুলেটর, ১টি ৩ ভেন্ট রেগুলেটর, ১টি খাল খনন, ১.৫০ কি:মি: বাঁধ ও ৭০০ মিটার সিসি ব্লক দ্বারা প্রতিরক্ষামূলক কাজ চলমান আছে। জুন'২০২৩ এর মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত হবে।<br><br>চলমান বর্ষা মৌসুমে বদরখালী পওর উপ-বিভাগের আওতাধীন কোনাখালী, বদরখালী, সাহারবিল, বিএমচর, ফাঁসিয়াখালী, চিরিংগা ইউনিয়ন ও পৌরসভা'র আওতাধীন দুর্বল ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করা আছে। দূর্যোগকালীন সময়ে জরুরী ভিত্তিতে জরুরী কাজ বাস্তবায়ন করা হবে।<br><br>চকরিয়া উপজেলার জলাবদ্ধতা, লবণাক্ততা দূরীকরণ; স্বাদু পানি সহজলভ্য করণ যাতে একাধারে লবণ চাষ, চিংড়ি চাষ, মাছ চাষ, সবজি উৎপাদন, বন্যা নিয়ন্ত্রণ ও নদীর নাব্যতা ফিরিয়ে আনা যায় সে লক্ষ্যে দাতা সংস্থা 'জাইকা'র সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রকল্প সম্ভাব্যতা সমীক্ষা চলমান আছে। এতদসংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদে মাননীয় সংসদ সদস্য মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার, বাপাউবো কর্মকর্তা, জাইকা প্রতিনিধি ও স্থানীয় স্ট্যাকহোল্ডারদের সমন্বয়ে ১টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি অনুমোদন হলে চকরিয়াসহ মাতামুহুরী নদী উভয় তীরে সমস্যা নিরসন হবে।<br><br>জানুয়ারি'২০২৩ হতে ডিসেম্বর'২০২৩ সালের জন্য পোল্ডার নং- ৬৫ এর আওতায় ৪নং লতাবুনিয়া স্লুইচের কমিটি গঠন করে দেওয়া হয়েছে। ১১নং ডেমুশিয়া ৫ ভেন্ট স্লুইসের কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া অন্যান্য স্লুইসের কমিটি গঠনের জন্য বাপাউবো কর্তৃক মাঠ পর্যায়ে তালিকা প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। | ১। কাজের গুণগত মান বজায় রেখে সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে সমন্বয় করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br><br>২। চলমান বর্ষা মৌসুমে দূর্বল ও ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করে জরুরী ভিত্তিতে কাজ বাস্তবায়ন করতে হবে।<br><br>৩। জাইকা কর্তৃক সমীক্ষাকৃত প্রকল্পটি অনুমোদন পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৪। নীতিমালা অনুযায়ী স্লুইচের কমিটি গঠন করতে হবে। | এসও, পানি উন্নয়ন বোর্ড, চকরিয়া। |
| ২৫. | <u>ইসলামিক ফাউন্ডেশন ঃ</u><br>**সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া জানান,** সরকারী যাকাত ফান্ডের আওতায় চলতি বছরে ২,২০,০০০/-টাকা উত্তোলন পূর্বক চকরিয়া উপজেলায় সরকারি যাকাত ফান্ড শিরোনাম সোনালী ব্যাংক চকরিয়া শাখা A/C-0902702001823 এ জমা দেয়া হয়েছে। সরকারি যাকাত ফান্ডের আওতায় বরাদ্দ প্রাপ্ত ২,২৪,০০০/- টাকা উপকারভোগীদের মাঝে ০১জনকে ০১টি সেলাই সেশিন, ০৪জনকে ০৪টি ছাগল, ২৮জনকে চিকিৎসা ও হাঁসমুরগী পালনের জন্য নগদ অর্থ প্রদান করা হয়েছে। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে কুরবানীর পশু যত্রতত্র জবেহ না করা এবং পশুর পরিত্যাক্ত বর্জ যেখানে সেখানে না ফেলার বিষয়ে গুরুত্ব দিয়ে মসজিদ সমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা করার হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | পবিত্র ঈদুল আযহা উপলক্ষে কুরবানীর পশু যত্রতত্র জবেহ না করা এবং পশুর পরিত্যাক্ত বর্জ যেখানে সেখানে না ফেলার বিষয়ে গুরুত্ব দিয়ে মসজিদ সমূহে ব্যাপক প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া। |
| ২৬. | <u>উপজেলা তথ্য কেন্দ্র, চকরিয়াঃ</u><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, চকরিয়া সভাকে জানান, মে/২৩ মাসে ২টি উঠান বৈঠকে ১৫০ জন মহিলাকে বিভিন্ন পরামর্শ মূলক সেবা প্রদান করা হয়। ৬৫০ জন গ্রামীণ মহিলাদের ডোর টু ডোর সেবা প্রদান করা হয়। তথ্য কেন্দ্রে ৬০ জন আগত মহিলাদের তথ্যসেবা ও অনলাইন ভিত্তিক সেবা প্রদান করা হয়। | গ্রামীণ অসহায় সুবিধাবঞ্চিত নারীদের তথ্যপ্রযুক্তি ভিত্তিক সেবা, অনলাইন রেজিস্ট্রেশন সেবা, প্রাথমিক মেডিক্যাল সেবা, বাল্যবিবাহ রোধ, আইনি সহায়তা সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার ও নিয়মিত মাসিক সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, চকরিয়া। |
| ২৭. | <u>বিবিধ-০১ঃ</u><br>**চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া সভাকে জানান,** জনাব ফজলুল করিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ৫১,২৫০/- টাকা, জনাব মকছুদুল হক চুট্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ৪১,২৪৬/- টাকা ও জনাব জেসমিন হক জেসি, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া এর জানুয়ারি/২০২৩ হতে মে/২০২৩ পর্যন্ত ০৫(পাঁচ) মাসের ৪১,৫১৭/- টাকার ভ্রমণ ভাতার বিল দাখিল করেন। তিনি নীতিমালার আলোকে উক্ত ভ্রমণ ভাতার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ভ্রমণ ভাতার বিল সমূহ নীতিমালার আলোকে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফজলুল করিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ০৫.২০.২২১৬.০০০.০০.২০২২-৬২৭ তারিখ : ০৮/০৬/২০২৩খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫. পুলিশ সুপার, কক্সবাজার।
০৬. সিভিল সার্জন, কক্সবাজার।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কক্সবাজার।
০৮. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কক্সবাজার।
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কক্সবাজার।
১০. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

জনাব ...................................... চকরিয়া, কক্সবাজার।

(জেপি দেওয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার।
☏ ০৩৪২২-৫৬০৫০
🖂 unochakaria2@gmail.com

০৮/০৬/২০২৫ খ্রি: তারিখ অনুষ্ঠিত জুন/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের

৫০তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মাহবুবুল হক চৌধুরী<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, চকরিয়া | 01820-347354 | [signature] |
| ০২. | জনাব [illegible]<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, চকরিয়া | 01821-573750 | [signature] |
| ০৩. | মোহাম্মদ আমির হোসেন<br>সুপারভাইজার,<br>ইসলামিক ফাউন্ডেশন, চকরিয়া | 01818368167 | [signature] |
| ০৪. | [illegible]<br>R/O [illegible] | 01843745886 | [signature] |
| ০৫. | মো: [illegible]<br>R/O [illegible] | 01823942886 | [signature] |
| ০৬. | [illegible] নাথ<br>তথ্যসেবা কর্মকর্তা (জে:ম) | 01845680585 | [signature] |
| ০৭. | [illegible] | 01818048857 | [signature] |
| ০৮. | [illegible] | 01840908872 | [signature] |
| ০৯. | Bidhan Kanti Rudra<br>UFPO | 01819724280 | [signature] |
| ১০. | Dr. Nurul Azam<br>RMO, UHC | 01833906000 | [signature] |
| ১১. | [illegible] চৌধুরী<br>[illegible] | 01708161272 | [signature] |
| ১২. | [illegible]<br>চেয়ারম্যান,<br>[illegible] | 01617150489 | [signature] |
| ১৩. | মো: [illegible]<br>[illegible] | 01815036186 | [signature] |

০৮/০৬/২০২৫ খ্রি: তারিখ অনুষ্ঠিত জুন/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ০৫তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৪. | মিজানুর রহমান [illegible] চেয়ারম্যান [illegible] | 01816048768 | |
| ২৫. | মোঃ হাসানুল ইসলাম ভান্ডারী চেয়ারম্যান, [illegible] ইউপি | 01819-037575 | |
| ২৬. | আবুল হোসেন চৌধুরী চেয়ারম্যান চিরিঙ্গা | 01837725246 | |
| ২৭. | জেসমিন সিদ্দিকী চেয়ারম্যান, [illegible] | 01813999097 | |
| ২৮. | মেহেরাজ উদ্দিন চেয়ারম্যান / হারবাং | 01913530167 | |
| ২৯. | [illegible] চেয়ারম্যান [illegible] | 01858560812 | |
| ৩০. | [illegible] চেয়ারম্যান [illegible] | 01819087374 | |
| ৩১. | [illegible] চকরিয়া উপ-জেলা [illegible] | 01718-549955 | |
| ৩২. | [illegible] চেয়ারম্যান [illegible] | 0171[illegible]-9675 | |
| ৩৩. | [illegible] চেয়ারম্যান [illegible] | 01715879000 | |
| ৩৪. | [illegible] চেয়ারম্যান, [illegible] | 01822213489 | |
| ৩৫. | [illegible] চেয়ারম্যান, [illegible] | 01885656633 | |
| ৩৬. | [illegible] পৌর [illegible] চকরিয়া পৌরসভা | 01711-245313 | |

০৮/০৬/২০২৫ খ্রি: তারিখ অনুষ্ঠিত ...জুন.../২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের

৫০তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৭. | ইঞ্জিনিয়ার [illegible]<br>ম্যানেজার চেয়ারম্যান কোম্পানী | 01811535668 | [illegible] |
| ২৮. | মো: [illegible] উদ্দিন আহমেদ<br>(জিএম), চেয়ারম্যান<br>চেয়ারম্যান [illegible] | 01811169590 | [illegible] |
| ২৯. | কফিল উদ্দিন মো: [illegible] | 01816-70689 | [illegible] |
| ৩০. | মোঃ নুর নবী<br>সহকারী প্রকৌশলী<br>৩৩/১১ কেভি [illegible]<br>[illegible] | 01635223390 | নুর নবী |
| ৩১. | [illegible] | 01859119959 | [illegible] |
| ৩২. | মোহাম্মদ আমজাদ হোসেন<br>উপজেলা সমাজসেবা অফিসার | 01672787766 | [illegible] |
| ৩৩. | এম, এম, সাইফুর রহমান<br>প্রতিনিধি [illegible]<br>[illegible] | 01769400393 | [illegible] |
| ৩৪. | ডা. মোহাম্মদ আরিফ উদ্দিন<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার | 01719-142295 | [illegible] |
| ৩৫. | আহমদ হোসেন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01813689893 | [illegible] |
| ৩৬. | এস.এম. নাসিম হোসেন<br>UAO | 01855582166 | [illegible] |
| ৩৭. | মো: আবু হাসনাত সরকার<br>P.I.O | 01726-976958 | [illegible] |
| ৩৮. | মোহাম্মদ মনিরুজ্জামান<br>UEO (ভারপ্রাপ্ত)<br>উপজেলা শিক্ষা অফিস | 01817769909 | [illegible] |
| ৩৯. | [illegible] আলম<br>UCO. [illegible] | 01819-895494 | [illegible] |

০৮/০২/২০২৬ খ্রি: তারিখ অনুষ্ঠিত জুন/২০২৫ মাসের পঞ্চম উপজেলা পরিষদের ৫০তম উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪০ | তপন মল্লিক<br>উপজেলা [illegible] নির্বাহী<br>চরফ্যাশন | 01846465757 | [signature] |
| ৪১ | [illegible]<br>উপজেলা প্রকৌশলী<br>[illegible], চরফ্যাশন | 01824802[illegible] | [signature] |
| ৪২ | আবদুর রহিম<br>কমর সহকারী | ০১৮১০২৫০১৪৪ | রহিম |
| ৪৩ | মো: [illegible]<br>[illegible]<br>[illegible], চরফ্যাশন | ০১৮১৯ ৬০০৪১ | [signature] |
| ৪৪ | মো: আল আমিন বিশ্বাস<br>উপ-সহকারী প্রকৌশলী [illegible]<br>চরফ্যাশন, [illegible] | 01629290835 | [signature] |
| ৪৫ | মো: [illegible] ইসলাম<br>USBO | 01712946066 | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |